গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা।

বিষয় ঃ **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৩৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ আবদুল আওয়াল<br>উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, আটপাড়া। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৭-০৮-২০১৩ খ্রিঃ। বেলা ১১.০০ ঘটিকা। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আগামী ১৫ আগষ্ট ২০১৩ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৩৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ এর ০৩.০৭.২০১৩ খ্রিঃ তারিখের ০৪.৪১৬.০৬২.০০.০০.০২৬.২০১৩-২৬২ নং স্মারকে আন্তঃ মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্তের কার্যপত্র সভায় পড়ে শুনান। উক্ত দিবসটি যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্য্যের সাথে পালনের উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে এ উপজেলায় কর্মসূচি গ্রহণের জন্য উপস্থিত সকলকে খোলামেলা আলোচনার আহবান জানান। সভায় এ বিষয়ে উপস্থিত সদস্যগণ খোলামেলা আলোচনা ও পরামর্শমূলক বক্তব্য রাখেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ১৫ আগষ্ট ২০১৩ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৩৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য অত্র উপজেলায় নিম্নোক্ত কর্মসূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| তারিখ ও সময় | বিবরণ | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৫.০৮.১৩খ্রিঃ সূর্যোদয়ের সাথে সাথে | সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারী ভবন সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত করে উত্তোলন। | সকল সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারী ভবন সমূহে | স্ব স্ব প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ |
| সকাল ১০.০০ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | উপজেলা পরিষদ প্রাঙ্গন। | উপজেলা পরিষদ। |
| সকাল ১০.৩০ | কালো ব্যাজ ধারণ ও শোক র‌্যালী | উপজেরা পরিষদ প্রাঙ্গন। | ঐ |
| সকাল ১১.৩০ | আলোচনা সভা | উপজেলা পরিষদ মিলনায়তন | উপজেলা প্রশাসন। |
| বাদ যোহর | সকল মসজিদ, মন্দির ও গীর্জায় জাতির জনকের শাহাদত বার্ষিকিতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিশেষ মোনাজাত/ প্রার্থনা। | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| বাদ যোহর | উপজেলা পরিষদ জামে মসজিদসহ উপজেলা সদরের আশে পাশে ১০টি জামে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল। | সংশ্লিষ্ট জামে মসজিদ। | সাধারণ সম্পাদক, ওলামালীগ, আটপাড়া উপজেলা শাখা। |

সভায় আলোচনান্তে দিবসটি পালন উপলক্ষে গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

০১। জাতীয় পতাকা সোজা দন্ডে সরকারী নির্দেশনা অনুযায়ী সঠিক পরিমাপে উত্তোলনের বিষয়টি নিশ্চিত করার জন্য আটপাড়া থানার অফিসার ইন-চার্জকে অনুরোধ জানানো হয়।

০২। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতি সরবরাহ করার জন্য চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদ,আটপাড়াকে অনুরোধ জানানো হয়।

০৩। শোক র‌্যালীতে নিয়ম শৃংখলা রক্ষার দায়িত্ব পালনের জন্য এনজিও প্রতিনিধিগনকে অনুরোধ করা হয়।

০৪। শোক র‌্যালীতে ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলীসহ উপস্থিত থাকার জন্য (১) আটপাড়া কলেজ (২) বানিয়াজান সিটি পাইলট উচ্চ বিদ্যালয় (৩) আটপাড়া টি.এস.এস বালিকা উচ্চ বিদ্যালয় (৪) সিরাজাম মুনীরা দাখিল মাদরাসা(৫) বানিয়াজান মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানগনকে অনুরোধ করা হয়।

০৫। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা ও জাতীয় শোক দিবসের সাথে সংগতিপূর্ণ কবিতা পাঠ,রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা,হাম ও নাত প্রতিযোগিতা ও দোয়া মাহফিলের আয়োজন করার নিমিত্তে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার আটপাড়াকে অনুরোধ জানানো হয়।

০৬। উপজেলা পরিষদ জামে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল এর আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

০৭। গৃহীত অনুষ্ঠানমালা ১৪-৮-২০১৩ খ্রিঃ তারিখ সকাল ১০-০০ ঘটিকা হতে মাইকে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।

০৮। দিবসের সকল কর্মসূচী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সরকারী ছুটির দিনে কর্মকর্তা/ কর্মচারীদের কর্মস্থলে উপস্থিত থেকে অংশ গ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।

পরিশেষে সভাপতি দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গৃহীত সকল কর্মসূচীতে সকলের অংশ গ্রহণ ও সার্বিক সহযোগিতা কামনা করে ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৮/১৩
(মোহাম্মদ আবদুল আওয়াল)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।
ফোন ঃ ০৯৫২২-৭৪০০১
E-mail-unoatpara@yahoo.com

স্মারক নং -০৫.৩০.৭২০৪.০০০.১০ .০০৫.১৩- ৫৩৭(১৫০) তারিখ ঃ ০৭-৮-২০১৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯-নেত্রকোণা-৩।
০২। জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
অনুলিপি কার্যার্থে ঃ-
০৫। ভাইস-চেয়ারম্যান(পুরুষ/মহিলা) উপজেলা পরিষদ,আটপাড়া,নেত্রকোণা ।
০৬। উপজেলা ....................................................কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
০৭। অধ্যক্ষ, আটপাড়া কলেজ/তেলিগাতী ডিগ্রী কলেজ, আটপাড়া, নেত্রকোণা।
০৮। চেয়ারম্যান (সকল).......................................................ইউপি, আটপাড়া, নেত্রকোণা।
০৯। প্রধান শিক্ষক/সুপার.................................................................আটপাড়া, নেত্রকোণা।
১০। সভাপতি/সম্পাদক.......................................................................আটপাড়া, নেত্রকোণা।
১১। অফিস নথি।

০৭/০৮/১৩
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।